# One Day State Level Seminar

**On**

## “সমাজ সংস্কারক বিদ্যাসাগর”

**Organized by**

## Teachers’ Council

**Under the aegis of**

## IQAC

# Khatra Adibasi Mahavidyalaya

**Khatra: Bankura**

**Date: 7th November, 2023**




## Concept Note:

উনিশ শতকের বাংলার সামাজিক প্রতিবেশে বিদ্যাসাগরের মতো অনন্য সাধারণ ব্যক্তি চরিত্রের বিকাশভাষ্য সে যুগের বাঙালী সমাজের পরিচয় সম্বলিত এক অমূল্য দলিল। এই মানুষটির কর্মসাধনার মূল্যায়নে তাঁর সময়ের পরিপ্রেক্ষিতটি যথাযথভাবে উপস্থাপিত না করলে অনেক ক্ষেত্রেই আমাদের ভারসাম্যহীন সিদ্ধান্তের শিকার হতে হয়। কেবলমাত্র অধ্যাপনা নয়, শিক্ষা-সংস্কার, জনশিক্ষা বিস্তার প্রভৃতি ক্ষেত্রে বিদ্যাসাগরের উল্লেখযোগ্য কাজকর্ম আমাদের অতীত ঐতিহ্য ও ভবিষ্যতের চলার পথে সংযোগী ভূমিকা গ্রহণ করেছে।

সমাজসংস্কারের যে সকল কাজে তিনি ব্রতী হয়েছিলেন তার মধ্যে অন্যতম হল বিধবা বিবাহ প্রচলন। বিধবা বিবাহ প্রচলনের ক্ষেত্রে তিনি তাঁর প্রগতিশীল চিন্তা ও যুক্তিগুলিকে কেবল একটি নির্দিষ্ট রূপ দিয়ে জনসাধারণের বোধগম্যই করেননি, শাস্ত্রীয় মতামত যুক্তিশৃঙ্খলার মধ্যে গ্রথিত করে বিধবাবিবাহের প্রয়োজনীয়তা সম্পর্কে যুক্তিভিত্তিক দলিল রচনা করেছেন এবং সমগ্র বিষয়টিকে নিয়ে জনমত সৃষ্টি করা ও আইনি বাস্তবায়নের ব্যবস্থা গ্রহনে অগ্রনী ভূমিকা নিয়েছেন।

বিদ্যাসাগরের সমাজসংস্কার আন্দোলনের কেন্দ্রবিন্দুতে নারীর ক্ষমতায়নের বিষয়টি উল্লেখযোগ্য। নারী জাতির সামাজিক অবস্থানগত অবনতির জন্য তিনি সমাজের তিনটি অনাচারকে দায়ী করেছিলেন, সেগুলি হল - বাল্যবিবাহ প্রথা, বিধবাদের শাস্ত্রলাঞ্ছিত আচারসর্বস্ব জীবন ও পুরুষতন্ত্রের স্বেচ্ছাচারজনিত বহুবিবাহ প্রথা। এই তিনটি কুপ্রথার অবসান ঘটানো বিদ্যাসাগরের আজন্ম লক্ষ্য ছিল- যা তাঁর নারীমুক্তির প্রয়াস বলে অভিহিত করা যায়। বাল্যবিবাহের বিরুদ্ধে তিনি পতিপত্নীর স্বাস্থ্য নষ্ট হওয়া, বিবাহজাত সন্তানের দুর্বল ও ক্ষীনজীবী হওয়া, গর্ভাবাসকালে বা প্রসবকালে নারীর মৃত্যুমুখে পতিত হওয়া প্রভৃতি বৈজ্ঞানিক ও মানবিক কারনগুলির দিকে তৎকালীন শিক্ষিত সমাজের দৃষ্টি আকর্ষন করতে চেয়েছেন।

বিধবাদের ক্ষেত্রে বিদ্যাসাগর ধর্মের নামে, দেশাচারের নামে, অমানবিক আচার বন্ধ করার জন্য শিক্ষিত মানুষের মনুষ্যত্বের কাছে যেমন তাঁর আবেদন রেখেছিলেন, তেমনি বিধবাদের পুনর্বিবাহের ক্ষেত্রে মানুষের শুভবুদ্ধিকে জাগ্রত করার সার্বিক প্রয়াস করেছিলেন।

বহুবিবাহ রোধের ক্ষেত্রে বিদ্যাসাগরের মত ছিল কেবলমাত্র শিক্ষাপ্রসারের মাধ্যমে এই কুপ্রথা দূরীকরণ সম্ভব নয়, এর জন্য প্রয়োজন 'সরকারী আইন'। হিন্দু সমাজ সম্পর্কে বিদ্যাসাগরের গভীর অন্তদৃষ্টি থাকার কারনেই তিনি আইনের সাহায্যে এই কুপ্রথা বন্ধ করতে উদ্যোগী হয়েছিলেন।

কোন ধরনের সামাজিক ধর্মীয় বা রাজনৈতিক প্রতিষ্ঠান গড়ে না তুলে, একক সত্তায় বহুমুখী কর্মযোগে দেশ তথা বিশ্বের সামাজিক প্রেক্ষাপটে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর একজন বিরলতম সমাজ সংস্কারক, তাই দুশো বছর পরেও তাঁর সমাজ সংস্কারের বিভিন্ন দিক অনুধাবনে ও উদ্ভাবনে নিবিড় গবেষণায় ব্রতী হয়ে আমাদের আলোচ্য সেমিনারের বিষয় নির্বাচন।

**উপ-বিষয়ঃ**

১) বাংলার নবজাগরণ ও বিদ্যাসাগর

২) বিদ্যাসাগরের শিক্ষাচিন্তা

৩) বাংলা ভাষাশিক্ষায় বিদ্যাসাগর

৪) স্ত্রীশিক্ষা প্রসার ও বিদ্যাসাগর

৫) বিধবাবিবাহ প্রচলন ও বিদ্যাসাগর

৬) বহুবিবাহ রোধ ও বিদ্যাসাগর

৭) বিদ্যাসাগরের সাহিত্যচর্চার নানাদিক

৮) বর্তমান সমাজ প্রেক্ষিতে বিদ্যাসাগর

৯) প্রশাসক ও বিদ্যাসাগর

১০) বাংলার সংস্কৃতি চিন্তক বিদ্যাসাগর

১১) চারিত্র্যধর্মে বিদ্যাসাগর

Above identified sub-themes are only illustrative. Participants may select any related topics covered under main theme.



# Organizing Committee

| ***Chief Patron:*** | | | |
|---|---|---|---|
|  | **Dr. Nityananda Patra**<br>**Principal**<br>**Khatra Adibasi Mahavidyalaya** |  | **Dr. Arindam Chakrabarti**<br>**IQAC Coordinator Khatra Adibasi Mahavidyalaya** |
| ***Convener:*** | | ***Jt. Convener:*** | |
|  | **Dr. Parthasarothi Hati**<br>**Associate Professor**<br>**Department of Bengali**<br>**Khatra Adibasi Mahavidyalaya** |  | **Dr. Tuhin Majumdar**<br>**Assistant Professor**<br>**Department of English**<br>**Khatra Adibasi Mahavidyalaya** |

## *Inauguration:*



Prof. Dr. Goutam Buddha Sural, Hon'ble Vice-chancellor , Bankura University

## *Welcome Address:*

**Prof. Dr. Nityananda Patra, Principal, Khatra Adibasi Mahavidyalaya**

## *Keynote Address:*

**Prof. Dr. Goutam Buddha Sural, Hon'ble Vice-Chancellor, Bankura University**



## Resource Persons:



Prof. Kartick Chandra Pramanik, Professor of Education, Bankura University



Prof. Dr. Bikash Chandra Paul, Professor of Bengali, Bankura University



Sri Utpal Roy, Associate Professor of Sociology, Bankura Christian College

**Dear Madam/Sir,**

***We cordially invite faculty members, research scholars and students to participate/ present papers in this One-day State Level Seminar.***

**Prof. Dr. Nityananda Patra**
**Principal**

**Submission Guidelines:**

Interested participants are requested to send an abstract of 250 words within **2nd November, 2023** as attachment in the link. Abstract must include title of paper, author's name, designation, institution's name, department, e-mail id, contact number. Abstracts may be in English and Bengali only MS Word Document (Docs.) format. Font type of English should be in Times New Roman (12), for Bengali Avro keyword (16). The line spacing should be 1.5 and the alignment must be justified. The style of citation must adhere to MLA 8th edition in MS Word. Full paper (2500 words) must be submitted on the day of the seminar (hard copy) and soft copy will be collected through pen drive or any convenient medium on the day of the seminar.

**Registration Fees:**

Faculty: Rs. 500/-
Research Scholar: Rs.300/-
Student: 50/-

## Registration Link: Click here

**Nb:** No TA will be provided to the participants. They may arrange their own accommodation or contact Dr. Tuhin Majumdar (7044335241) for suggestions.




**How to Reach:**

Affiliated to Bankura University, Khatra Adibasi Mahavidyalaya (NAAC Accredited B+ 2nd Cycle) is situated in South Bankura. One hour journey by bus or car from Bankura Railway Station or two hours from Durgapur Railway Station the college is well connected by roads with frequent private and state bus services or rented cars. Attractions like Mukutmanipur Dam, Sutan forest, Jhilimili forest and Mosok Pahar have made Khatra sub-division popular among tourists.

**Queries:** Contact- Dr. Parthasarothi Hati (9434330646), Dr. Satyajit Datta (9064543645)